



মেমোনং : মা: দি:-১৩-বিএসএ-রং /৬৯(৭০)

তারিখ : ০৯/০৫/২০২২ খ্রি.।

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২০২২ উদযাপন কর্মসূচিতে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিশু একাডেমি, রংপুর এর সহযোগিতায় এবং জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রংপুর কর্তৃক আয়োজিত ২৬ জুন, ২০২২ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস” উদযাপন উপলক্ষ্যে আগামী ১৯ মে ২০২২ শিশুদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

তারিখ ও সময়	কর্মসূচি	বিভাগ	বিষয়	স্থান
১৯/০৫/২০২২ সকাল ১১.০০ টা	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক-বিভাগ (প্রে থেকে ৩য় শ্রেণি)	মাদকমুক্ত পরিবার	বাংলাদেশ শিশু একাডেমি, রংপুর
		খ-বিভাগ (৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত)	খেলাধুলায় বাড়ে বল, মাদক ছেড়ে খেলাতে চল	
		গ-বিভাগ (৭ম থেকে ১০ম শ্রেণি)	মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো	
		ঘ-বিভাগ (বিশেষ চাহিদা সম্পন্ন শিশু)	উনুত	

উক্ত প্রতিযোগিতায় আপনার স্কুল / প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের নিমিত্তে ব্যাপক প্রচার পূর্বক নিম্নবর্ণিত স্থানে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় কার্টিজ পেপার সরবরাহ করা হবে। অন্যান্য উপকরণ প্রতিযোগীদের সঙ্গে আনতে হবে।

নং-৫৮.০২.০০০০.১৬০.০৪.০১২.১৬-১৬৮

বিষয়ঃ প্রতিযোগিতার জন্য রচনা আহ্বান।

আগামী ২৬ জুন, ২০২২ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে মাধ্যমিক ও সমমান পর্যায়ে এবং উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে তিনটি গুপে ছাত্র-ছাত্রীদের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক রচনা প্রতিযোগিতা ২০২২ এর আয়োজন করা হয়েছে।

- ১) ক-গুপ: ৬ষ্ঠ-৮ম শ্রেণী ও সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীদের জন্য (১০০০ শব্দের মধ্যে)।
বিষয় 'মাদক গ্রহণের কুফল'
- ২) খ- গুপ: ৯ম - ১০ম শ্রেণী ও সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীদের জন্য (১৫০০ শব্দের মধ্যে)।
বিষয়: 'মাদকাসক্তি প্রতিরোধে যুবসমাজের ভূমিকা'
- ৩) গ- গুপ: উচ্চমাধ্যমিক-স্নাতক ও সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রীদের জন্য (২৫০০ শব্দের মধ্যে)।
বিষয়: 'বঙ্গবন্ধুর চেতনা ও মাদকমুক্ত বাংলাদেশ'

প্রতিযোগিতার নিয়মাবলী:

৭. বাংলাদেশের সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চমাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ে ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
৮. রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
৯. রচনার প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
১০. রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল /প্রেরণ করতে হবে।
১১. খামের উপর "রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস" লিখতে হবে।
১২. রচনা আগামী ১৯ মে, ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, কেরানী পাড়া, জামতলা মসজিদ সংলগ্ন, রংপুর বরাবর প্রেরণ করতে হবে।

পুরস্কার: রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার হিসেবে ক্রেস্ট সার্টিফিকেট এবং নগদ অর্থ প্রদান করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

এ বিষয়ে তীর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে রচনা প্রতিযোগিতার বিষয়টি জানানোর জন্য তীকে অনুরোধ করা হলো।

তারিখঃ ০৫/০৫/২০২২

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর
জন্মবার্ষিকী উদযাপন

প্রধান শিক্ষকের কার্যালয়
রংপুর জিলা স্কুল, রংপুর।

কেন্দ্রীয় প্রাপ্তি নং: ৭২৯
তারিখ: ১৪/০৫/২২

সহঃ প্রধান শিক্ষক (প্রভাতী)
সহঃ প্রধান শিক্ষক (উদযাপন)
অফিস সহকারী

প্রধান শিক্ষক

"বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬১তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২' উদযাপন উপলক্ষে কুইজ ও রচনা প্রতিযোগিতা উপ-কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি : এ.ডব্লিউ.এম রায়হান শাহ
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর

ও
আহ্বায়ক
'বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬১তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২' উদযাপন উপলক্ষে কুইজ ও রচনা প্রতিযোগিতা উপ-কমিটি

তারিখ : ০৯/০৫/২০২২ খ্রিঃ
সময় : দুপুর ২.৩০ মিনিট
স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর এর অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ১৬১তম জন্মবার্ষিকী এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৩তম জন্মবার্ষিকী ১৪২৯/২০২২ উদযাপন উপলক্ষে ৮ মে ২০২২ তারিখে জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। জেলা পর্যায়ে রবীন্দ্র ও নজরুল জন্মবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কুইজ ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে উপস্থিত সকল সদস্যকে সুচিন্তিত মতামত প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত সকল সদস্য তাদের মতামত প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

কর্মসূচি:

প্রতিযোগিতার তারিখ, স্থান ও সময়	প্রতিযোগিতার ধরন	প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পর্যায়/শ্রেণি	প্রতিযোগিতার বিষয়
তারিখ: ১৭ মে ২০২২	রচনা প্রতিযোগিতা	৯ম -১০ম শ্রেণি	বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর সাহিত্যে সমাজ ভাবনা (প্রতিযোগিতার পূর্ণমান-২০ সময়: ৪০ মিনিট)
স্থান: শিশু নিকেতন উচ্চ বিদ্যালয়, রংপুর	কুইজ প্রতিযোগিতা	৬ষ্ঠ-৮ম শ্রেণি	বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর লেখা নিয়ে (প্রতিযোগিতার পূর্ণমান-৩০) সময়: ২০ মিনিট এক কথায় উত্তর
সময়: সকাল ১১.০০টা			

অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে সকাল ১০.৩০ মিনিটের মধ্যে শিশু নিকেতন উচ্চ বিদ্যালয়, রংপুর-এ উপস্থিত হতে হবে। কুইজ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে আবশ্যিকভাবে নিম্নোক্ত অংশ পূরণ পূর্বক খাতা জমা দিতে হবে।

নাম: মাতার নাম: শ্রেণি: শিক্ষা প্রতিষ্ঠানের নাম:
পিতার নাম: উপজেলার নাম: রোল: মোবাইল নম্বর:

চলমান পাতা-০২

AS